



# কোটালীপাড়া পৌরসভাকার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

ফোন নং-০২৬৬৫১২৬৭, ফ্যাক্সঃ ০২৬৬৫১২৬৭

E-mail: mayor\_kotali.poura@yahoo.com



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম-শহরের উন্নতি।

স্মারক নং- কোপৌ/জ-০১/২০২০/ ৫৫৯

তারিখঃ ২০/১০/২০২০খ্রিঃ


## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.১১.০০৫.১৯.৬১ তারিখঃ ২০/০১/২০২০ খ্রিঃ মূলে জনবল নিয়োগের ছাড়পত্র এবং স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.১১.০০৫.১৯.৫৪৫ তারিখঃ ২৩/০৮/২০২০ খ্রিঃ মূলে প্রাপ্ত ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধিকরণ মোতাবেক কোটালীপাড়া পৌরসভায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের নিমিত্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র গ্রহণ করা হচ্ছে।

ক্রঃনং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সহকারী কর নির্ধারক	০২টি	৯৭০০-২৩৪৯০ (১৫তম গ্রেড)	১৮-৩০ বছর	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী
২	সহকারী কর আদায়কারী	০৪টি	৯৭০০-২৩৪৯০ (১৫তম গ্রেড)	১৮-৩০ বছর	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী
৩	নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক	০১টি	৯৩০০-২২৪৯০ (১৬তম গ্রেড)	১৮-৩০ বছর	উচ্চ মাধ্যমিক পাশ (বাংলায় ৩০ ও ইংরেজিতে ৪০ শব্দের গতি টাইপ)
৪	কার্য সহকারী	০১টি	৯৩০০-২২৪৯০ (১৬তম গ্রেড)	১৮-৩০ বছর	বাস্তব অভিজ্ঞতাসহ উচ্চ মাধ্যমিক পাশ(বাস্তব অভিজ্ঞতা সংশ্লিষ্ট ক্ষেত্রে)
৫	হিসাব সহকারী	০১টি	৯৩০০-২২৪৯০ (১৬তম গ্রেড)	১৮-৩০ বছর	স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক
৬	সহকারী লাইসেন্স পরিদর্শক	০১টি	৯৩০০-২২৪৯০ (১৬তম গ্রেড)	১৮-৩০ বছর	স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক
৭	জীপ চালক	০২টি	৯৩০০-২২৪৯০ (১৬তম গ্রেড)	১৮-৩০ বছর	দশম শ্রেণী পাশ (ভারী যানবাহন চালনে বৈধ লাইসেন্সধারী)(০২ বছরের বাস্তব অভিজ্ঞতা)
৮	ট্রাক/ট্রাক্টর চালক	০২টি	৯৭০০-২৩৪৯০ (১৫তম গ্রেড)	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণী পাশ (০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা)
৯	টিকাদানকারী (পুরুষ)	০২টি	৯০০০-২১৮০০ (১৭তম গ্রেড)	১৮-৩০ বছর	এসএসসি পাশ (টিকাদান কাজে অভিজ্ঞতা)
১০	টিকাদানকারী (মহিলা)	০১টি	৯০০০-২১৮০০ (১৭তম গ্রেড)	১৮-৩০ বছর	এসএসসি পাশ (টিকাদান কাজে অভিজ্ঞতা)
১১	অফিস সহায়ক	০৪টি	৮২৫০-২০০১০ (২০তম গ্রেড)	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণী পাশ
১২	মালি	০১টি	৮২৫০-২০০১০ (২০তম গ্রেড)	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণী পাশ (বাগানের কাজে অভিজ্ঞতা)

আবেদনের শর্তাবলীঃ-

- আবেদনপত্রে আবেদনকারীর নাম/পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান যোগাযোগের ঠিকানা, জন্ম তারিখ, ০৮/১১/২০২০ খ্রিঃ তারিখে বয়স জাতীয়তা, ধর্ম, বৈবাহিক অবস্থা, জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখসহ স্বহস্তে লিখিত আবেদনপত্র দাখিল করতে হবে।
- আবেদনপত্র আগামী ০৮/১১/২০২০ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ বরাবর পৌছাতে হবে।
- আবেদনকারীর বয়স আগামী ০৮/১১/২০২০ খ্রিঃ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমানের জন্য কোন এফিডেভিড গ্রহণযোগ্য হবে না। কেবলমাত্র মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তান ও নাতি-নাতনীদেদের ক্ষেত্রে এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে।
- আবেদনপত্রের সাথে মেয়র, কোটালীপাড়া পৌরসভা বরাবর ক্রমিক নং ০১হতে ০৮ পর্যন্ত পদের জন্য ৫০০/= (পাঁচ শত টাকা) মাত্র এবং ক্রমিক নং ০৯ হতে ১২ পর্যন্ত পদের জন্য ৩০০/= (তিন শত টাকা) মাত্র এর সিডি/বিডি/পে-অর্ডার/পোস্টাল অর্ডার দাখিল করতে হবে।
- আবেদনপত্রের সাথে গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র এর নিকট থেকে নাগরিকত্ব সনদপত্র, প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা নিকট থেকে চারিত্রিক সনদপত্র, সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩(তিন) কপি সত্যায়িত ছবি দাখিল করতে হবে।
- খামের উপর আবেদনকারী পদের নাম উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ ক্রটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- সরকারী বিধি অনুযায়ী নির্ধারিত কোটা অনুসরণ করা হবে। বিশেষ কোটার প্রার্থী হলে আবেদনপত্রে কোটার নাম উল্লেখ করতে হবে এবং স্বপক্ষে সনদপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।
- প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনি হলে সেক্ষেত্রে তাকে তার পিতা/মাতা/পিতামহ/মাতামহ এর অনুকূলে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি সহ প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার যোগসূত্র সম্পর্কিত সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর জেলা/উপজেলা এর সনদপত্র দাখিল করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টি এ/ডি এ প্রদান করা হবে না।

  
 মেয়র  
 কোটালীপাড়া পৌরসভা  
 গোপালগঞ্জ।  
 ২০/১০/২০২০